# দ্বিকক্ষ সংসদে ঐক্যমত্য হয়নি, রাজনৈতিক মতামত নিয়ে সিদ্ধান্ত জানাবে কমিশন: সালাহউদ্দিন



সালাউদ্দিন আহমেদ: সংগৃহীত ছবি

বিএনপিসহ বেশ কয়েকটি রাজনৈতিক দল দ্বিকক্ষ সংসদ ও সংখ্যানুপাতিক ভোট ব্যবস্থায় একমত হয়নি। সংশোধনী প্রস্তাব নিয়ে মতভেদ থাকায় ঐকমত্য কমিশন চূড়ান্ত সিদ্ধান্ত নেবে সবপক্ষের মতামতের ভিত্তিতে।

বিএনপি দ্ব্যর্থহীনভাবে জানিয়েছে, তারা কোনোভাবেই সংখ্যানুপাতিক (PR) পদ্ধতিতে নির্বাচন চায় না। মঙ্গলবার (১৫ জুলাই) ঐকমত্য কমিশনের বৈঠক শেষে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, "বহু আলোচনা হলেও দ্বিকক্ষ পার্লামেন্ট নিয়ে এখনও রাজনৈতিক ঐক্যমত্য গড়ে ওঠেনি। সংস্কার কমিশন সকলের মত শুনে একটি সিদ্ধান্ত জানাবে, পরে আমরা তাতে সম্মতি বা আপত্তি জানাবো।"

কমিশনের সহসভাপতি ড. আলী রিয়াজ জানান, দ্বিকক্ষ সংসদ গঠনের প্রস্তাবে আংশিক সমর্থন থাকলেও উচ্চকক্ষ বা সিনেট নিয়ে একমত হয়নি বেশিরভাগ দল। বিশেষ করে ভোটের অনুপাত ও সংসদ সদস্য মনোনয়নে সংখ্যানুপাতিক পদ্ধতি নিয়ে স্পষ্ট মতবিরোধ রয়েছে।

তিনি আরও বলেন, "এটি একটি মৌলিক রাজনৈতিক সংস্কার। তাই দলগুলোর মধ্যে এই ইস্যুতে ঐক্যমত্য অত্যন্ত জরুরি। সকল দলকে নিজেদের মধ্যে আলোচনা অব্যাহত রাখতে আমরা আহ্বান জানাচ্ছি।"

এছাড়া ড. রিয়াজ জানিয়েছেন, তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহাল এবং সংবিধানের কয়েকটি ধারা সংশোধনের জন্য গণভোটের বিষয়েও বেশিরভাগ রাজনৈতিক দল একমত হয়েছে।

রাজনৈতিক সংস্কার নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা চলছে, তবে এখনও অনেক প্রস্তাবে দ্বিমত রয়ে গেছে। ঐকমত্য গড়ে তুলতে সকল দলের সম্মিলিত উদ্যোগ অপরিহার্য